দৈনিক
ইত্তেফাক

তারিখ 27 DEC 2017
পৃষ্ঠা ... কলাম ...

ডিএনসিসি নির্বাচন

# পেছাচ্ছে এসএসসির দুই পরীক্ষা

■ ইত্তেফাক রিপোর্ট

ঢাকা উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) মেয়র পদে উপ-নির্বাচনের পাশাপাশি উত্তর-দক্ষিণের ৩৬টি ওয়ার্ডে কাউন্সিলর পদে ভোটের জন্য এসএসসির ২৪ ও ২৫ ফেব্রুয়ারির দুইটি পরীক্ষা পেছানো হচ্ছে। গতকাল মঙ্গলবার আগারগাঁও নির্বাচন ভবনে শিক্ষা মন্ত্রণালয় ও বোর্ড কর্মকর্তাদের সঙ্গে এক বৈঠকে এ সিদ্ধান্ত হয় বলে জানিয়েছেন ইসির ভারপ্রাপ্ত সচিব হেলালুদ্দীন আহমদ। তিনি সাংবাদিকদের বলেন, ভোটের তারিখ নির্ধারণের জন্য ২৪ ও ২৫ ফেব্রুয়ারির নির্ধারিত পরীক্ষা পেছাতে অনুরোধ করা পৃষ্ঠা ১৯ কলাম ৩

## পেছাচ্ছে এসএসসির

প্রথম পৃষ্ঠার পর

হয়েছিল। ঢাকার মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, মাদ্রাসা শিক্ষা বোর্ড ও কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যানরা তাতে সম্মতি দিয়েছেন। বোর্ডের চেয়ারম্যানরা বলেছেন, পরীক্ষা পেছাতে কোনো সমস্যা নেই।

বৈঠক সূত্রে জানা যায়, নির্বাচন কমিশনের অনুরোধে এ পরীক্ষা দুটো মার্চে পরিবর্তন করে নেবে শিক্ষা বোর্ড। এতে শুধু ঢাকা বোর্ডেই পরীক্ষাসূচিতে পরিবর্তন আসবে, অন্য বোর্ডে নয়। ভোটের আগের দিন কেন্দ্র গোছানোসহ অনেক বিষয় থাকে, এছাড়া ২৪ ফেব্রুয়ারি শনিবার ছুটির দিন। স্বাভাবিক ভাবে এদিন ভোট গ্রহণ করে না ইসি। ফলে ২৫ ফেব্রুয়ারি রবিবার ভোট হতে পারে। সে হিসাবে জানুয়ারির দ্বিতীয় সপ্তাহেই তফসিল ঘোষণা করা হবে।

ভোটে আইনি জটিলতা আছে কিনা- এমন প্রশ্নে সচিব বলেন, ভোট আয়োজনে কোনো আইনি জটিলতা নেই। সব ধরনের জটিলতা পেরিয়ে স্থানীয় সরকার মন্ত্রণালয় এ নির্বাচনের জন্য অনুরোধ করেছে।

নির্বাচন কমিশনের কর্মকর্তরা জানান, ঢাকা উত্তর সিটিতে যুক্ত হয়েছে ১৮টি ওয়ার্ড এবং দক্ষিণে ১৮টি ওয়ার্ড। এসব ওয়ার্ডে ১০ লাখ ৫৩ হাজার ৯৯৮ জন ভোটার নির্বাচনে ভোটাধিকার প্রয়োগ করার সুযোগ পাবেন। ঢাকা উত্তর সিটি করপোরেশনের পুরাতন ৩৬টির সঙ্গে নতুন ১৮টি ওয়ার্ড যোগ হওয়ায় মোট ওয়ার্ডের সংখ্যা দাঁড়িয়েছে ৫৪টি। আর দক্ষিণ সিটির ওয়ার্ড সংখ্যা ৫৭টি থেকে বেড়ে হয়েছে ৭৫টি।

প্রসঙ্গত, গত ৩০ নভেম্বর ঢাকা উত্তরের মেয়র আনিসুল হক মৃত্যুতে ১ ডিসেম্বর থেকে পদটি শূন্য ঘোষণা করে গেজেট জারি করে স্থানীয় সরকার মন্ত্রণালয়। ৯০ দিনের মধ্যে (২৮ ফেব্রুয়ারি) মেয়র নির্বাচন করার আইনি বাধ্যবাধকতা রয়েছে।